

4 JAN 2009

প্রথম ভাগ

১৩১ ... কাম ...

চট্টগ্রাম মেডিকেল কলেজ ও পলিটেকনিকের ছাত্রাবাস ছাত্রলীগের নিয়ন্ত্রণে

নিজস্ব প্রতিবেদক • চট্টগ্রাম

চট্টগ্রাম মেডিকেল কলেজ ও চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্রাবাসের নিয়ন্ত্রণ নিয়েছে ছাত্রলীগ। প্রায় সাত বছর পর গতকাল শনিবার ছাত্রলীগ পলিটেকনিক ইনস্টিটিউট ক্যাম্পাসে প্রথমবারের মতো মিছিল সমাবেশ করেছে। ২০০১ সালে চারদলীয় জোট সরকার দায়িত্ব নেওয়ার পর থেকে পলিটেকনিক ক্যাম্পাসে কোনো দিন ছাত্রলীগ মিছিল করতে পারেনি।

খোজ নিয়ে জানা যায়, গতকাল দুপুরে ছাত্রলীগের নেতা-কর্মীরা পলিটেকনিক ইনস্টিটিউটের ক্যাম্পাসে মিছিল বের করলে মিছিলের সামনে পড়েন ছাত্রদলের নেতা হেলাল উদ্দিন। এ সময় তাঁর সঙ্গে ছাত্রলীগের নেতা-কর্মীদের কথা কটাকটি হয়। একপর্যায়ে ছাত্রলীগের নেতা-কর্মীরা তাঁর বিরুদ্ধে করে ক্যাম্পাস থেকে বের করে দেয়।

চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্রলীগের সাধারণ সম্পাদক সুপন রায় প্রথম আলোকে বলেন, 'আমরা ছাত্রদল ও ছাত্রপরিষদের ক্যাম্পাসে সহাবস্থানের কথা বলেছি। কিন্তু সন্ত্রাসী হেঁচা আকবর গ্রুপের কিছু লোক ক্যাম্পাসে ছাত্রলীগের নরম সংগঠন গড়ার চেষ্টা করে। আমরা ওই গ্রুপের নেতা হেলাল উদ্দিনকে ক্যাম্পাস থেকে বের করে দিয়েছি।'

সুপন জানান, গত পাঁচ বছরে হেলাল ছাত্রদলের নেতা হিসেবে ক্যাম্পাসে ব্যাপক চান্দাঝাড়া করেন। এ জন্য সাধারণ ছাত্ররা তাঁদের ওপর ফুরু। এদিকে নির্বাচনে বিএনপি ও জামায়াতের পরাজয়ের পর ছাত্রদল ও ছাত্রপরিষদের নেতা-কর্মীরা চট্টগ্রাম মেডিকেল কলেজের ছাত্রাবাস ছেড়ে চলে যায়।

চট্টগ্রাম মহানগর ছাত্রদলের সাধারণ সম্পাদক আহমেদুল আলম চৌধুরী বলেন, প্রথম আলোকে বলেন, নির্বাচনের দিন রাতের ছাত্রলীগ মেডিকেল কলেজের ছাত্রাবাস দখল করে। আজ (গতকাল) পলিটেকনিক ক্যাম্পাসে ছাত্রদলের এক নেতাকে মারধর করে। দখলদারিত্ব থেকেই সন্ত্রাসের জন্ম হয়।